

বাংলাদেশ পোশাক প্রস্তুত কারক ও রপ্তানীকারক সমিতি (বিজিএমইএ)

বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ী-৭/৭এ, ব্লক-এইচ ১, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা।

বিজ্ঞপ্তি নং-বিজিএ/সিএমসি/২০২৩/২৫১

তারিখঃ ১ নভেম্বর, ২০২৩

সকল সম্মানিত সদস্যের জন্য

বিষয়ঃ চলমান শ্রম অসন্তোষ নিরসন কল্পে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত।

বিজিএমইএ এর সম্মানিত সকল সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রপ্তানী মূখী তৈরী পোশাক শিল্পে চলমান শ্রম অসন্তোষ নিরসন কল্পে অদ্য ১লা নভেম্বর, ২০২৩ তারিখ বিকাল ৫:০০ ঘটিকায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান খান কামাল, এমপি। উপস্থিত ছিলেন মাননীয় প্রধানমন্ত্রীর বেসরকারী শিল্প ও বিনিয়োগ উপদেষ্টা জনাব সালমান এফ রহমান, এমপি। এছাড়াও উপস্থিত ছিলেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব মোঃ আতিকুল ইসলাম, সাবেক নৌ পরিবহন মন্ত্রী জনাব শাজাহান খাঁন, এমপি, বিজিএমইএ এর সাবেক সভাপতি জনাব শফিউল ইসলাম মহিউদ্দিন, এমপি, জনাব আব্দুস সালাম মুর্শেদী, এমপি, এফবিসিসিআই এর সাবেক সভাপতি জনাব এ কে আজাদ, বিজিএমইএ এর সাবেক সভাপতি জনাব মোঃ সিদ্দিকুর রহমান, এছাড়াও বিজিএমইএ এর সম্মানিত সভাপতি জনাব ফারুক হাসান এর নেতৃত্বে বিজিএমইএ এর প্রতিনিধি দলে আরও উপস্থিত ছিলেন সিনিয়র সহ-সভাপতি জনাব এস এম মাল্লান কচি, সহ-সভাপতি জনাব শহিদুলাহ আজিম, সহ-সভাপতি জনাব নাসির উদ্দিনসহ বিজিএমইএ এর পরিচালকবৃন্দ, আইন-শৃঙ্খলা বাহিনীর উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, গোয়েন্দা সংস্থার প্রধানগণ এবং বিকেএমইএ এর নির্বাহী সভাপতি জনাব মোঃ হাতেম।

বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্ন লিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়। যাহা সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে এতদসঙ্গে প্রেরণ করা হলোঃ

১. অদ্য ১লা নভেম্বর ২৩ তারিখে, যে সকল পোশাক শিল্প কারখানা খোলা ছিল তাহা আগামীকাল ০২রা নভেম্বর ২৩ তারিখেও খোলা থাকবে। যদি উক্ত কারখানা সমূহের কার্যক্রম পরিচালনায় বহিরাগত কর্তৃক আক্রমণ হওয়ার সম্ভাবনা থাকে, সে ক্ষেত্রে আইন-শৃঙ্খলা বাহিনী/ইন্ডাস্ট্রিয়াল পুলিশ/র‍্যাব/বিজিবি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সহকারে নিরাপত্তা নিশ্চিত করবেন।
২. যে সকল কারখানা অদ্য ১লা নভেম্বর ২৩ তারিখে স্ববেতনে ছুটি ছিল, ঐ সকল কারখানা আগামীকাল ২রা নভেম্বর ২৩ তারিখেও স্ববেতনে ছুটি থাকবে এবং কারখানা কর্তৃপক্ষ নিজস্ব শ্রমিকগণকে আগামী শনিবার ৪ঠা নভেম্বর ২৩ তারিখে কারখানা খোলা রাখার সিদ্ধান্ত ও শ্রমিকদেরকে কাজে যোগদান করার অনুরোধ জানাবেন।
৩. যে সকল কারখানা অদ্য ১লা নভেম্বর ২৩ তারিখে, শ্রম আইনের ১৩/১ ধারা মোতাবেক বন্ধ ছিল, তাহা আগামীকাল ২রা নভেম্বর ২৩ তারিখেও ১৩/১ ধারা মোতাবেক বন্ধ থাকবে এবং কারখানা কর্তৃপক্ষ নিজস্ব শ্রমিকগণকে আগামী শনিবার ৪ঠা নভেম্বর ২৩ তারিখে কারখানা খোলা রাখার সিদ্ধান্ত এবং শ্রমিকদেরকে কাজে যোগদান করার অনুরোধ জানাবেন।
৪. কারখানা আগামী শনিবার ৪ঠা নভেম্বর ২৩ তারিখে খোলার পর যদি ঐ কারখানার শ্রমিকরা কাজ না করে অথবা বহিরাগতদের উস্কানিতে কাজ না করে কারখানা থেকে বের হয়ে যায় সেই ক্ষেত্রে সাথে সাথে ঐ কারখানা শ্রম আইন ২০০৬ এর ১৩/১ ধারা মোতাবেক অনির্দিষ্ট কালের জন্য বন্ধ ঘোষণা করতে পারবে।
৫. ইতিমধ্যে শ্রম অসন্তোষের কারণে যে সকল কারখানায় ভাংচুর, অগ্নি সংযোগ, লুটতরাজসহ ক্ষয়ক্ষতি সংঘটিত হয়েছে এবং কারখানার কর্মকর্তা, কর্মচারী, শ্রমিক কারখানার ভিতরে অথবা বাহিরে কোন পক্ষ দ্বারা আঘাত প্রাপ্ত হয়েছেন বা আহত হয়েছেন সে ক্ষেত্রে ঐ সকল কারখানা কর্তৃপক্ষ অতিদ্রুত নিকটস্থ থানায় মামলা রুজু করবেন এবং যদি সম্ভব হয় আসামিদের নাম, ঠিকানাও ছবি জানা থাকলে এজাহারে উল্লেখ করবেন, জানা না থাকলে অজ্ঞাত নামা অথবা সিসিটিভি ফুটেজে আছে, উল্লেখ করেও মামলা করা যাবে। এখানে উল্লেখ্য যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে সকল থানায় দ্রুত মামলা গ্রহণ করার জন্য ইতিমধ্যে নির্দেশনা প্রদান করা হয়েছে। এ বিষয়ে প্রয়োজনে বিজিএমইএ এর সিনিয়র অতিরিক্ত সচিব (সিএমসি) জনাব মুনসুর খালেদ, মোবাইল নাম্বার ০১৭১৩০৬২৭২৮ তে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

ধন্যবাদান্তে,



মোঃ ফয়জুর রহমান
মহাসচিব